কালের কণ্ঠ

তারিখ 10 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# নন-এমপিও জুনিয়র স্কুলকে সরকারি প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

নন-এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে (জুনিয়র স্কুল) সরকারি প্রাথমিক শিক্ষায় অন্তর্ভুক্তির দাবি জানানো হয়েছে। গতকাল রবিবার রাজধানীর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনের মাধ্যমে এই দাবি জানায় নন-এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক-কর্মচারী সমিতি।

লিখিত বক্তব্যে সংগঠনের আহ্বায়ক শরীফুজ্জামান আগা খান বলেন, 'নিম্ন মাধ্যমিক স্তরের স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা এক হাজার ৮২৮টি। এসব প্রতিষ্ঠানে কর্মরত ১২ হাজার শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার অঙ্কটাও তেমন একটা বড় নয়। যেহেতু সরকার ইতিমধ্যে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা ঘোষণা করেছে, তাই আমাদের প্রতিষ্ঠানও প্রাথমিক শিক্ষার অন্তর্ভুক্ত। আর ব্যক্তির প্রাথমিক শিক্ষার নিশ্চয়তা বিধান করা রাষ্ট্রের সাংবিধানিক দায়িত্ব। সেই হিসেবে এই স্তরে পাঠদানে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা নিশ্চিত করাও সরকারের ওপর বর্তায়।'

এই দাবিতে আগামী ২৩ অক্টোবর জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান ও ২৭ অক্টোবর জাতীয় প্রেস ক্লাবের সামনে সকাল ১১টায় মানববন্ধন কর্মসূচি ঘোষণা করেন শিক্ষকরা।